# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৮

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় ‘অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

## باب الإيمان بالقدر ـ الفصل الثاني

আরবী

وَعَنْ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تُجَالِسُوا أَهْلَ الْقَدَرِ وَلَا تفاتحوهم» رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

১০৮-[৩০] ইবনু ’উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ক্বদারিয়্যাদের সাথে উঠা-বসা করো না এবং তাদেরকে হাকিম বা বিচারক নিযুক্ত করো না। (আবূ দাঊদ)[1]

## English

Chapter: Belief in the Divine Decree - Section 2

‘Ibn Umar reported God’s messenger as saying, “Do not sit with those who believe in freewill and do not address them before they address you."

Abu Dawud transmitted it.

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৪০৮৭, য‘ঈফুল জামি‘ ৬১৯৩। কারণ এর সানাদে ‘‘হাকীম বিন শরীক’’ নামক অপরিচিত রাবী রয়েছে। ইমাম আবূ দাঊদ (রহঃ) হাদীসটি দুর্বল সূত্রে বর্ণনা করেছেন। এ সানাদেই হাদীসটি ইমাম আহমাদ তার মুসনাদে এবং ‘‘আস্ সুন্নাহ্’’ নামক গ্রন্থে এবং ইমাম হাকিম তা ‘‘মুস্তাদ্রাক’’ গ্রন্থে বর্ণনা করে সহীহ বলেনি। ইমাম হাকিম পূর্ববর্তী হাদীসের শাহিদ হিসেবে হাদীসটি বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে বুঝা গেল ক্বদারিয়্যাদের কাছে বসা যাবে না এবং তাদের কাছে বিচারের মুক্বদ্দামাহ্ নিয়ে যাওয়া যাবে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54667

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন